একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সরকারি মাধ্যমিক-৩ শাখা

www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৯২.১৫.০২৫.২০-১৮০৯

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ০৮ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

বিশ্বম্ভরপুর মডেল উচ্চ বিদ্যালয়, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ গত ২৮.০৫.২০১৮ তারিখ সরকারিকরণের প্রেক্ষিতে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত ১০(দশ) জন শিক্ষককে 'জাতীয়করণকৃত উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) আত্তীকরণ বিধিমালা-১৯৮৩' (অধিকতর সংশোধনী-১৯৯৪ ও ১৯৯৫) অনুযায়ী প্রতিষ্ঠান সরকারিকরণের তারিখ হতে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক বিশ্বম্ভরপুর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ -এ নিম্নোক্ত শর্তে পদায়ন করা হলোঃ

| ক্রঃ নং | নাম ও জন্ম তারিখ | পদবী | বিষয় | বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫) |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ ফয়েজ উল্লাহ<br>জন্ম তারিখঃ ০১/০৯/১৯৬৫ | সহকারী শিক্ষক | ধর্ম | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) |
| ০২ | চন্দ্র শেখর সরকার<br>জন্ম তারিখঃ ১২/১২/১৯৬৬ | সহকারী শিক্ষক | জীব বিজ্ঞান | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) |
| ০৩ | মোহাম্মদ আব্দুল হান্নান<br>জন্ম তারিখঃ ০১/০১/১৯৭৬ | শরীরচর্চা শিক্ষক | শারীরিক শিক্ষা | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) |
| ০৪ | ভারতী রানী পাল<br>জন্ম তারিখঃ ০১/০২/১৯৭৪ | সহকারী শিক্ষক | ভৌত বিজ্ঞান | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) |
| ০৫ | প্যাশন রানী সরকার<br>জন্ম তারিখঃ ০২/০২/১৯৭৮ | সহকারী শিক্ষক | ধর্ম (হিন্দু) | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) |
| ০৬ | সাইফুল হক<br>জন্ম তারিখঃ ৩১/১২/১৯৮৭ | সহকারী শিক্ষক | ব্যবসায় শিক্ষা | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) |
| ০৭ | মোঃ শামছুল আমিন<br>জন্ম তারিখঃ ১৭/০৯/১৯৯০ | সহকারী শিক্ষক | কৃষি শিক্ষা | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) |
| ০৮ | মোঃ আবু হানিফা<br>জন্ম তারিখঃ ১০/০৮/১৯৮৩ | সহকারী শিক্ষক | সামাজিক বিজ্ঞান | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) |
| ০৯ | নুরুল আলম চৌধুরী<br>জন্ম তারিখঃ ৩১/১২/১৯৮২ | সহকারী শিক্ষক | সামাজিক বিজ্ঞান | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) |
| ১০ | রাজিয়া সুলতানা<br>জন্ম তারিখঃ ১৪/০১/১৯৮৭ | সহকারী শিক্ষক | বাংলা | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) |

**শর্তসমূহ:**

(ক) সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে হবে;

(খ) প্রচলিত বিধি-বিধান অনুযায়ী চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে;

(গ) প্রচলিত বিধি মোতাবেক তাদের জ্যেষ্ঠতা ও বেসরকারি আমলে কর্মরত চাকরিকাল গণনা করা হবে;

(ঘ) যদি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঙ) আদেশ জারির তারিখ হতে সংশ্লিষ্ট শিক্ষকগণের Monthly Payment Order (MPO) বাতিল বলে গণ্য হবে এবং সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবেন;

(চ) এ শিক্ষা প্রতিষ্ঠানের আত্তীকৃত কোনো কর্মচারী অন্য কোন প্রতিষ্ঠানে বদলি হতে পারবে না;

(ছ) প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাদের চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি/আদেশ প্রযোজ্য হবে;

(জ) সরকার কর্তৃক প্রণীতব্য/প্রণীত বিধি ও বিধান দ্বারা তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঝ) যে কোনো প্রকার করণিক ভুল উপযুক্ত প্রমাণ সাপেক্ষে সংশোধনযোগ্য।

০২। বর্ণিত শিক্ষকদের স্বাস্থ্য পরীক্ষা ও প্রাক চরিত্র সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষের সন্তোষজনক রিপোর্ট এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (বি.পি.এস.সি) এর সুপারিশের ভিত্তিতে (প্রযোজ্য ক্ষেত্রে) পরবর্তীতে যথাযথ প্রক্রিয়ায় তাঁদের চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৮.১০.২৩

(মোসা: রোকেয়া পারভীন)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৩৩৭
ই-মেইল: govt.sec3@moedu.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৯২.১৫.০২৫.২০-১৮০৯

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

০৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

০৭। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সুনামগঞ্জ।

০৮। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।

০৯। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (এডহক নিয়োগ আদেশ জারির তারিখ হতে এম.পি.ও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১০। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (এডহক নিয়োগ আদেশ জারির তারিখ হতে এম.পি.ও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। পুলিশ সুপার, সুনামগঞ্জ (প্রয়োজনীয় পুলিশ তদন্ত সাপেক্ষে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)
১৬। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেট সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধসহ)।
১৭। সিভিল সার্জন, সুনামগঞ্জ (প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা করে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
১৮। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১৯। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
২১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
২৩। জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।
২৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিশ্বম্বরপুর, সুনামগঞ্জ।
২৫। প্রধান শিক্ষক, বিশ্বম্ভরপুর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
২৬। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২৭। জনাব ..........................................................................................................।